



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মহাপরিচালক

জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি, গাজীপুর

এবং

সচিব, কৃষি মন্ত্রণালয় এর মধ্যে স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০১৭-জুন ৩০, ২০১৮



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মহাপরিচালক

জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি, গাজীপুর

এবং

সচিব, কৃষি মন্ত্রণালয় এর মধ্যে স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০১৭-জুন ৩০, ২০১৮

## সূচিপত্র

বিষয়	পৃষ্ঠা
কর্মসম্পাদনের সার্বিক চিত্র	২
উপক্রমনিকা (Preamble)	৩
সেকশন ১ : রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্য এবং কার্যাবলী	৪
সেকশন ২ : বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)	৫
সেকশন ৩ : কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন এবং লক্ষ্যমাত্রাসমূহ	৬
চুক্তিনামা	৯
সংযোজনী-১ : শব্দ সংক্ষেপ (Acronyms)	১০
সংযোজনী-২ : কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী সংস্থা এবং পরিমাপ পদ্ধতির বিবরণ	১১
সংযোজনী-৩ : কর্মসম্পাদনের লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য দপ্তর/সংস্থার উপর নির্ভরতা	১২

## জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা) এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র

### (Overview of the Performance of National Agriculture Training Academy)

#### সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

##### • সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ

জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা) জুলাই ২০১৪ থেকে এর যাত্রা শুরু করে। ইতিপূর্বে এ প্রতিষ্ঠানটি কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের তত্ত্ব প্রতিষ্ঠান হিসেবে কেন্দ্রীয় সম্প্রসারণ সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট (সোর্ডি) নামে পরিচিত ছিল। নাটা কৃষি মন্ত্রণালয়ের আওতাভুক্ত ১৬ টি প্রতিষ্ঠানের মানব সম্পদ উন্নয়নের সাথে জড়িত উর্ধ্বতন কর্মকর্তাদের সমন্বয়ে কর্মশালা আয়োজনের মাধ্যমে প্রশিক্ষণ চাহিদা নিরূপণ করে প্রশিক্ষণ প্রদান করে আসছে। সাম্প্রতিক বছরসমূহে কারিগরী ও ব্যবস্থাপনা বিষয়ে মোট ১৪০৬ জন ১ম শ্রেণীর কর্মকর্তাকে প্রশিক্ষণ প্রদান করেছে এবং ৮ টি সেমিনার/ কর্মশালার আয়োজন করেছে। জনপ্রশাসন মন্ত্রণালয়ের নির্দেশনায় ২ টি ব্যাচ (এন-৬০ ও এন-৬১ তম) ৯ টি ক্যাডারের নবনিযুক্ত মোট ৭২ জন কর্মকর্তাকে ৬ (ছয়) মাস ব্যাপী বুনিয়ে প্রশিক্ষণ প্রদানও এর মাঝে অন্তর্ভুক্ত রয়েছে। উল্লেখ্য যে, উক্ত প্রশিক্ষণের মধ্যে স্পর্সড প্রশিক্ষণ হিসেবে ডিএই এর ১১২ জন (৪ ব্যাচে) এবং বিএআরআই এর ১২০ জনও অন্তর্ভুক্ত রয়েছে। অনলাইন রেজিস্ট্রেশন চালু করার পাশাপাশি ডিজিটাল কম্পিউটার কাম ল্যাংগুয়েজ ল্যাব স্থাপন, তথ্য অধিকার আইন বাস্তবায়নের জন্য আরটিআই কর্মকর্তা নিয়োগ এবং সেবা গ্রহীতাদের সেবা পেতে সহায়তা করার জন্য হেল্প ডেস্ক স্থাপন করা হয়েছে। পেশাগত দক্ষতা ও সক্ষমতা বৃদ্ধির জন্য বিভিন্ন শিরোনামে ৩১ জন অনুযায়ী সদস্যকে বিদেশে (৯ জন) এবং দেশের অভ্যন্তরে খ্যাতনামা বিভিন্ন প্রশিক্ষণ প্রতিষ্ঠানে অভ্যন্তরীণ প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়েছে। প্রশিক্ষণকে যুগোপযোগী ও আধুনিকায়নের জন্য ১৪ টি প্রশিক্ষণ মডিউল তৈরি করা হয়েছে। সর্বোপরি জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি সাম্প্রতিক বছরসমূহে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী শতাংশ কার্যক্রম বাস্তবায়ন করতে সক্ষম হয়েছে।

##### • সমস্যা ও চ্যালেঞ্জসমূহ

বিশ্বায়নের এ যুগে সীমিত সম্পদ ও অবকাঠামো নিয়ে ক্রমবর্ধমান কৃষি সেক্টরে নিয়োজিত মানবসম্পদের কাঙ্ক্ষিত উন্নয়ন এ একাডেমির প্রধান চ্যালেঞ্জ। চ্যালেঞ্জ মোকাবেলায় একাডেমির পুরাতন ও অপরিষ্কার ভৌত অবকাঠামো, প্রয়োজনীয় বাজেট ও দক্ষ জনবলের ঘাটতি প্রধান অন্তরায়।

##### • ভবিষ্যৎ পরিকল্পনা

একশতাব্দীর উন্নত বাংলাদেশের কৃষিতে নিয়োজিত মানবসম্পদের কাঙ্ক্ষিত উন্নয়নের জন্য মানসম্মত ও যুগোপযোগী প্রশিক্ষণ প্রদান, আদর্শ প্রশিক্ষণ মডিউল, কোর্স কারিকুলাম প্রণয়ন ও উন্নয়ন, সাম্প্রতিক উদ্ভূত কৃষি বিষয়ক চ্যালেঞ্জ মোকাবেলায় জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ের ওয়ার্কশপ ও সেমিনার ইত্যাদি আয়োজন করা, নব উদ্ভাবনমূলক প্রশিক্ষণ, যেমন-ই-লার্নিং, ভার্চুয়াল প্রশিক্ষণ ইত্যাদির প্রচলন, অনুযায়ী সদস্যবৃন্দের পেশাগত সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে দেশ-বিদেশে প্রশিক্ষণের ব্যবস্থা করা, সার্টিফিকেট কোর্স, ডিপ্লোমা কোর্স এবং পোস্ট গ্রাজুয়েট ডিপ্লোমা কোর্সের প্রচলন করা ইত্যাদি। তাছাড়াও ভবিষ্যৎ চাহিদা বিবেচনায় অধিক সংখ্যক কর্মকর্তাকে প্রশিক্ষিত করার লক্ষ্যে রাজশাহী, বরিশাল, খুলনা, চট্টগ্রাম ও সিলেট অঞ্চলে ১ টি করে ৫ টি আঞ্চলিক কৃষি প্রশিক্ষণ একাডেমি প্রতিষ্ঠাকরণের চিন্তা ভাবনা রয়েছে।

#### ২০১৭-১৮ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জন সমূহ

- কৃষি মন্ত্রণালয়ের আওতাভুক্ত দপ্তর সংস্থাসমূহের মানবসম্পদ উন্নয়নের জন্য ৩টি ওয়ার্কশপ/সেমিনার আয়োজনসহ আধুনিক কৃষি প্রযুক্তি বিষয়ে ২৪০ জন এবং ব্যবস্থাপনা বিষয়ে ৩৬০ কর্মকর্তাকে প্রশিক্ষণ প্রদান করা।
- আধুনিক প্রশিক্ষণ একাডেমি হিসেবে প্রশিক্ষণের মান বৃদ্ধির জন্য ডরমিটরি, ট্রেনিং কমপ্লেক্স, ক্যাফেটেরিয়া, অডিটোরিয়াম ইত্যাদি ভৌত সুবিধাদি বৃদ্ধি।
- পেশাগত দক্ষতা ও সক্ষমতা বৃদ্ধির জন্য বিভিন্ন শিরোনামে ৩১ জন অনুযায়ী সদস্যকে বিদেশে (১২ জন) এবং দেশের অভ্যন্তরে খ্যাতনামা বিভিন্ন প্রশিক্ষণ প্রতিষ্ঠানে অভ্যন্তরীণ প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ।

## উপক্রমনিকা (Preamble)

সরকারি দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহিতা জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

মহাপরিচালক, জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা), গাজীপুর

এবং

সচিব, কৃষি মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর মধ্যে ২০১৭ সালের জুন মাসের ০৮ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

